


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
আমার বাড়ি আমার খামার প্রকল্প
প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা- ১০০০

স্মারক নং- এবাএখা/অর্থ ও হিসাব/বেতন-ভাতা/০৩/২০১৮-১৯ (অংশ)- ১৮৫২ তারিখ : ২৪.০৭.২০১৯ খ্রি.

বিষয় : জনাব দীনবন্ধু দাস, মাঠ সহকারী, উপজেলা-বালিয়াকান্দি, জেলা- রাজবাড়ী আমার বাড়ি আমার খামার (৩য় সংশোধিত) প্রকল্প এর অনুকূলে আর্থিক সাহায্য মঞ্জুরী প্রসঙ্গে।

জনাব দীনবন্ধু দাস, পিতা-নরেন্দ্র নাথ দাস, মাতা- আশা রানী দাস. গ্রাম- বড়ভেল্লাবাড়ীয়া, ডাকঘর- বাওনাড়া, উপজেলা- বালিয়াকান্দি, জেলা- রাজবাড়ী আমার বাড়ি আমার খামার (৩য় সংশোধিত) প্রকল্পের রাজবাড়ী জেলার বালিয়াকান্দি উপজেলায় মাঠসহকারী পদে কর্মরত থাকা অবস্থায় ১৬.০৭.২০১৯ খ্রিস্টাব্দ তারিখে মৃত্যুবরণ করেন। তিনি আমার বাড়ি আমার খামার প্রকল্পের স্মারক নং- এবাএখা/পার/জঃনিঃ/১১-২০/ ২৭৮/২০১০-৩২, তারিখ-০৮.০১.২০১৪ খ্রিস্টাব্দ মূলে সাকুল্য বেতনে মাঠ সহকারী হিসেবে নিয়োগ প্রাপ্ত হন এবং ১৩.০১.২০১৪ খ্রিস্টাব্দ তারিখে যোগদান করেন। যোগদানের পর থেকে মৃত্যু কালীন সময় পর্যন্ত তাঁর চাকুরীর মেয়াদকাল (১৩.০১.২০১৪ হতে ১৫.০৭.২০১৯ পর্যন্ত) ০৫ বছর ০৬ মাস ০৩ দিন। মৃত্যুকালীন সময় তাঁর সাকুল্য বেতন ছিল ১৬৭০০/- (ষোল হাজার সাতশত) টাকা। অর্থ বিভাগের পরিপত্র নং- অম/অবি/উন্নয়ন-১/বিবিধ-৫২/৯৬/৪১৬, তারিখ-১৪.১০.১৯৯৭ খ্রি. তে প্রকল্পের কর্মচারীদের চাকুরীকালে বছরে ২ মাসের এবং ভগ্নাংশের জন্য আনুপাতিক হারে সাকুল্য বেতনের সমপরিমাণ আর্থিক সাহায্য প্রদানের বিধান রয়েছে। এ হিসাবে তিনি ১১ মাসের সাকুল্য বেতনের সমপরিমাণ অর্থ পাবেন। উক্ত পরিপত্রের নির্দেশনার আলোকে জনাব দীনবন্ধু দাস এর অনুকূলে (১৬৭০০/- টাকা x ১১ মাস)=১,৮৩,৭০০/- (এক লক্ষ তিরিশি হাজার সাতশত) টাকা আর্থিক সাহায্য মঞ্জুরী প্রদান করা হল। মঞ্জুরীকৃত অর্থ উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াকান্দি উত্তোলন ও দীনবন্ধু দাস এর বৈধ উত্তরাধিকারীকে বিতরণ করবেন। উল্লেখ্য প্রকল্পের ডিপিপি 'বিশেষ অনুদান- ৩৬৩১১০৭' খাত হতে এ ব্যয় নির্বাহ করা হবে এবং উক্ত খাতে উপজেলা নির্বাহী অফিসার বরাবর অর্থ বরাদ্দ প্রদান করা হচ্ছে।


(আকবর হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

আমার বাড়ি আমার খামার প্রকল্প

ফোন: ৯৩৫৯০৮৩, ফ্যাক্স: ৯৩৪৮২০৬

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি :

১. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জেলা প্রশাসক, রাজবাড়ী।
৩. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
৪. উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ী।
৫. উপপরিচালক, বিআরডিবি, রাজবাড়ী।
৬. জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, রাজবাড়ী।
৭. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বালিয়াকান্দি, রাজবাড়ী।
৮. উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, বালিয়াকান্দি, রাজবাড়ী।